# আমি বাঁচব ক্যামনে, আমার তো একটাই ছেলে: অপ্রতীমের মা



ছবি: সংগৃহীত

'আমার ছোট্ট ছেলে কী অন্যায় করেছে, আমি এটার জবাব চাই। আমি কোনো বিচার মানি না। আমাকে উত্তর দিতে হবে।' অঝোরে কাঁদতে কাঁদতে কথাগুলো বলছিলেন কুমিল্লায় মরদেহ উদ্ধার হওয়া ইশায়াত শাহরিয়ার ওরফে অপ্রতীমের মা নাহিদা বেগম। তিনি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক।

শনিবার (১৯ সেপ্টেম্বর) দুপুরে শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে দেখা করতে যান স্থানীয় সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী। এ সময় সন্তান হারিয়ে বিলাপ করছিলেন নাহিদা বেগম।

তিনি বলতে থাকেন, 'আমি কোন দেশে থাকি? এটা কোন দেশ? একটা ছেলে বাইরে বের হলে তাকে মেরে ফেলতে হবে?'

কান্নার মধ্যে নাহিদা বলেন, 'আমি বাঁচব ক্যামনে? আমার তো একটাই ছেলে! আমি ক্যামনে আমার জীবন কাটাব? আমি আমার জীবন পার করব ক্যামনে?'

পরে অপ্রতীমের বাবা সামনে এসে তিনিও কান্নায় ভেঙে পড়েন। তিনি বলেন, 'ফোনটা নেওয়ার জন্য মেরে ফেললো আমার ছেলেকে!'

এ সময় পাশে থাকা এমপি মনিরুল হক চৌধুরীকেও কাঁদতে দেখা যায়। সন্তান হারানো পরিবারের আহাজারিতে তিনিও আবেগ ধরে রাখতে পারেননি; চোখের পানি মুছতে দেখা যায় তাকে।

LENS ASIA